

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে ১ম বর্ষ ১ম টার্মে বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা চুয়েট ও রুয়েট এর সাথে সমন্বিতভাবে আগামী ১৩/১১/২০২১ইং তারিখ রোজ শনিবার সকাল ১০-০০ ঘটিকা হতে দুপুর ১-৪৫ ঘটিকা পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

উক্ত ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ঐ দিন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকাল ৭-০০ ঘটিকা হতে দুপুর ২-০০ ঘটিকা পর্যন্ত পরীক্ষার্থী ছাড়া অন্য কোন বহিরাগত ব্যক্তিকে এবং কোন প্রকার যানবাহন প্রবেশ করতে দেয়া হবে না। কেবলমাত্র পরীক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয়ে প্রবেশের গেটসমূহে তাদের ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র দেখিয়ে ভিতরে প্রবেশ করতে পারবে কিন্তু অভিভাবকগণ প্রবেশ করতে পারবেন না।

এতদব্যতীত, ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের সকাল ৯-০০ ঘটিকা হতে দুপুর ২-০০ ঘটিকা পর্যন্ত হলসমূহের সম্মুখের রাস্তা, স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার ও অডিটোরিয়ামের সম্মুখের রাস্তা ও রাস্তার উত্তর পার্শ্বে না আসার জন্য বলা হলো। এছাড়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের SWC তে অবস্থিত ক্যাফেটেরিয়া, ডিপার্টমেন্টাল স্টোর ও টি/কফি শপ সকাল ৭-০০ ঘটিকা হতে দুপুর ২-০০ ঘটিকা পর্যন্ত বন্ধ রাখার জন্য বলা হলো।

ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করা যাচ্ছে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

*Arifur Rahman*

০৯/১১/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ২০২১/৫০ তারিখ: ০৯/১১/২১

অনুলিপি অবগতি, প্রচার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, Local Admission Committee (LAC), ভর্তি পরীক্ষা (২০২০-২০২১), অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১১। সংরক্ষণ নথি।

*Maniruzzaman*

০৯/১১/২১

(মোঃ মনিরুজ্জামান)

সহকারী রেজিস্ট্রার